[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ব্যবসায়ী সুজন শহরের বোশপাড়া এলাকার মাসুদের ছেলে।

সদর থানার এসআই মোমিন জানান, সামিউল আজিম ওরফে রাজা ও তার অপর কয়েকজন সহযোগী শহরের হালদারপাড়া এলাকাতে হেরোইন বিক্রি করছে এমন সংবাদে অভিযান চালানো হয়। অভিযান টের পেয়ে অন্য সহযোগীরা পালিয়ে গেলেও সুজন ১০ গ্রাম হেরোইন সহ গ্রেফতার হন।

সামিউল আজিম ওরফে রাজর নামে এর আগেও বিভিন্ন অভিযোগে ৫ টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। মামলাগুলোর মধ্যে রয়েছে, (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে) নং ৩৬, তারিখ ২৩/০২/২০২, মামলা নং ২৬ তারিখ-২০/০৭/২০২০ ইং, মামলা নং ২৩, তারিখ ২৮/২২/২০১৮, পাসপোর্ট আইনের মামলা নং ৪৫ তারিখ ২৯/০৮/২১ ইং, মারমারির অভিযোগে ৪১ তারিখ-২৪/০১/২০২০ ইং।

তার নামে দায়ের হওয়া এসব মামলাগুলো আদালতে বিচারাধীন রয়েছে। ১০ গ্রাম হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানার মামলা নং ৩৭, তারিখ ২৮/০৮/২০২২ ইং। গ্রেফতারকৃত সামিউল আজিম ওরফে রাজা আদালতে সোপর্দ করা হয়েছে।

ভারতের এবিপির প্রতিযোগিতায় পুরস্কৃত মেহেরপুরের হাসনাত আসিফ কুশল

দেশভাগ নিয়ে প্রবন্ধ লিখে ভারতে পুরস্কৃত হয়েছেন একমাত্র বাংলাদেশি সাংবাদিক হিসেবে মেহেরপুরের হাসনাত আসিফ কুশল।

চলতি বছর জুলাইয়ে দেশটির অ্যাসোসিয়েটস অব বেঙ্গল প্রফেশনালসের (এবিপি) প্রবন্ধ লেখা প্রতিযোগিতায় একমাত্র বাংলাদেশি সাংবাদিক তৃতীয় স্থান অধিকার করেছেন তিনি।

এ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছেন ভারতের আলিয়া বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের পিএইচডি শিক্ষার্থী মিরাজুল ইসলাম এবং দ্বিতীয় স্থান অধিকার করেছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের

অন্তর্গত বিদ্যাসাগর কলেজের ভূগোল বিভাগের এমএসসি শিক্ষার্থী শৌলী দাস।

মেহেরপুরের তরুণ কবি-সাংবাদিক হাসনাত আসিফ কুশলের প্রবন্ধের বিষয় ছিল ‘দেশভাগের কথা: বাঙালি মুসলিমদের আইডেনটিটি ক্রাইসিস’।

এই প্রবন্ধে ১৯৪৭ সালের দেশভাগের ঘটনা এবং তার রেশ ধরে দুই বাংলার মুসলিমের আইডেনটিটি ক্রাইসিস তুলে ধরেছেন তিনি।

হাসনাত আসিফ কুশল বর্তমানে দৈনিক ভোরের কাগজের সাব এডিটর হিসেবে কর্মরত রয়েছেন। এর আগে দৈনিক সমকাল, দৈনিক আমাদের নতুন সময় ও অনলাইন পোর্টাল ঢাকা পোস্টে কাজ করেন।

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস (ইউল্যাব) ও স্ট্যামফোর্ড ইউনিভার্সিটিতে অনার্স-মাস্টার্স করেন।

সাংবাদিকতার পাশাপাশি এই তরুণ প্রাবন্ধিক সাহিত্যচর্চাও করেন। তিনি মেহেরপুরের বিশিষ্ট কবি-সাংবাদিক তারিক-উল ইসলামের পুত্র।

কুমারখালীতে সারের দাম বেশি রাখায় দুই ডিলারকে জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে সারের দাম বেশি রাখায় দুই ডিলারকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

উপজেলার হসপিটাল রোড সংলগ্ন বিসিআইসি ডিলার মেসার্স গাফফার এন্টারপ্রাইজকে ৩০ হাজার টাকা ও তরুণ মোড় সংলগ্ন বিসিআইসি সাব-ডিলার মেসার্স ইসলাম এন্টারপ্রাইজকে ৪ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বাজারে ডিলাররা এমওপি সারের কৃত্রিম সংকট সৃষ্টি ও খুচরা বিক্রেতারা দাম বেশি রাখছে এমন অভিযোগের ভিত্তিতে রবিবার বিকেলে উপরোক্ত এই দুটি প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার ও সংরক্ষণ আইনে যৌথভাবে ৩৪ হাজার টাকা জরিমানা করা হয়।

আদালত সূত্রে জানা যায় মেসার্স গাফফার এন্টারপ্রাইজ এমওপি ও টিএসপি সারের দাম সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত দামে বিক্রি করেছে এছাড়াও মেসার্স ইসলাম এন্টারপ্রাইজও বেশি দামে সার বিক্রি করেছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডল ও সহকারী কমিশনার (ভূমি) মোঃ শাহীদুল ইসলাম যৌথভাবে আদালত পরিচালনা করেন।

এ বিষয়ে কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডল বলেন, সারের দাম বেশি রাখায় দুই ডিলারকে জরিমানাসহ কঠোরভাবে সতর্ক করা হয়েছে। কৃষকদের স্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে। এ সময় তিনি জনসাধারণের কাছে অনিয়মের তথ্য চেয়ে সহযোগিতা কামনা করেছেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালে অভিযান, ৩ নারীর কারাদণ্ড

কুষ্টিয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত। এ সময় হাসপাতালে সেবা নিতে আসা রোগী ও স্বজনদের সঙ্গে প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগে তিন নারীকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে।

রোববার দুপুরে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট শিফাতুর নাহার ও ঈশিতা আকতার অভিযান চালিয়ে এ আদেশ দেন।

দণ্ডপ্রাপ্তরা হলেন- শহরের হাউজিং বি ব্লক এলাকার মজিবর রহমানের মেয়ে শাপলা খাতুন (২৭), ইসলামী বিশ্ববিদ্যালয় এলাকার শেখ পাড়ার শহিদুল ইসলামের স্ত্রী ময়না খাতুন (৪০) ও সদর উপজেলার চৌড়হাস এলাকার মৃত হারুন মণ্ডলের মেয়ে যুথি খাতুন (৩০)।

আদালত সূত্র জানায়, দীর্ঘদিন ধরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে দালালরা অসহায় সাধারণ রোগীদের সঙ্গে প্রতারণা করে আসছেন। এ অভিযোগে তিনজন নারীকে আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের

মাধ্যমে একজনকে এক মাস ও অপর দুজন ২১ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত।

এ বিষয়ে ভ্রাম্যমাণ আদালতের বিচারক শিফাতুর নাহার জানান, শাপলাকে এক মাস, ময়না ও যুথিকে ২১ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

কুমারখালীতে শিশুকে ধর্ষণের অভিযোগে দর্জির যাবজ্জীবন কারাদণ্ড

কুষ্টিয়ার কুমারখালীতে পুতুলের জামা বানিয়ে দেওয়ার কথা বলে ৫ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে হানিফ দর্জি (৪৮) নামের এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। সেই সঙ্গে ১ লাখ টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ১ বছরের কারাদণ্ডাদেশ দেওয়া হয়।

রোববার দুপুরে কুষ্টিয়া জেলার ও দায়রা জজ আদালতের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক সৈয়দ হাবিবুল ইসলাম এই রায় ঘোষণা করেন। এ সময় দণ্ডপ্রাপ্ত আসামি হানিফ আদালতে উপস্থিত ছিলেন। পরে থাকে জেলা কারাগারে পাঠানো হয়।

দণ্ডপ্রাপ্ত আবু হানিফ ওরফে হানিফ দরজি জেলার কুমারখালী উপজেলার হাবাসপুর গ্রামের সোলাইমান ওরফে শলক মোল্লার ছেলে। এসব তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া জেলার ও দায়রা জজ আদালতের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের রাষ্ট্রপক্ষের কৌঁসুলি (পিপি) অ্যাডভোকেট আব্দুল হালিম।

মামলার নথি এবং আদালত সূত্রে জানা যায়, ২০১৮ সালের ২৮ সেপ্টেম্বর দুপুর সাড়ে ১২টার দিকে ওই শিশুটি দরজির দোকানের সামনে খেলা করছিল। সেখানে শিশুটিকে পুতুলের জামা বানিয়ে দেওয়ার কথা বলে দোকানের ভেতরে নিয়ে ধর্ষণ করেন আবু হানিফ ওরফে হানিফ দরজি।

এ সময় শিশুটি অসুস্থ হয়ে কান্নাকাটি করলে, কাউকে কিছু না

জানানোর জন্য শিশুটিকে ভয় দেখান হানিফ। কিন্তু বাড়ি ফিরে শিশুটি তার মায়ের কাছে বিষয়টি খুলে বলে। তাৎক্ষণিক তার মা অসুস্থ অবস্থায় শিশুটিকে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করে।

আরও জানা যায়, এ ঘটনার দিনই শিশুটির বাবা বাদী হয়ে আবু হানিফকে আসামি করে কুমারখালী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা দায়ের করেন।

মামলাটি তদন্ত শেষে ২০১৯ সালের ১২ ফেব্রুয়ারি তদন্তকারী কর্মকর্তা কুমারখালী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান আসামির বিরুদ্ধে অভিযোগ এনে আদালতে মামলার চূড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করেন। দীর্ঘ শুনানি শেষে এবং ৯ জন সাক্ষীর সাক্ষ্য প্রমাণ শেষে আদালত এ রায় ঘোষণা করেন।

আদালতে রাষ্ট্রপক্ষের কৌঁসুলি (পিপি) অ্যাডভোকেট আব্দুল হালিম বলেন, কুমারখালী থানায় দায়ের করা ৯ (১) / ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধনী ২০০৩ ধারায় মামলায় শিশু ধর্ষণের অভিযোগ সাক্ষ্য ও শুনানি শেষে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

এ অভিযোগে দোষী সাব্যস্ত করে একমাত্র আসামি আবু হানিফ ওরফে হানিফ দরজিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডসহ ১ লাখ টাকা জরিমানার আদেশ দিয়েছেন আদালত। উক্ত টাকা ভুক্তভোগীর ক্ষতিপূরণ হিসেবে গণ্য হবে বলে উল্লেখ করেন আদালত।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামী গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ জন সহ নিয়মিত মামলায় ৫ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানভূক্ত জিআর মামলায় ১

জন ও নিয়মিত মামলায় ১ জন আসামী এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৪ আসামি গ্রেফতার করা হয়েছে।

শনিবার সকাল থেকে রবিবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের একাধিক টিম গোপন সংবাদে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

এছাড়া ২৪ ঘন্টায় সদর থানায় ১টি ও গাংনী থানায় ২ টি মামলা এএফআই আর করা হয়েছে। মামলাগুলোর মধ্যে রয়েছে গাংনী থানায় নারী ও শিশু দমন আইনে ১ টি ও মারামারির অভিযোগে একটি এদিকে সদর থানায় মাদ্রকদ্যব্য নিয়ন্তওণ আইনে অপর মামলাটি দায়ের করা হয়েছে।

গ্রেফতারকৃতদের রবিবার দুপুরের দিকে মেহেরপুর আদালতের সোপর্দ করা হয়েছে।

কোটচাঁদপুরে ইউপি সদস্য আহত হাসাপাতালে চিকিৎসাধীন

প্রতিপক্ষের হামলায় আহত হয়েছেন ইউপি সদস্য ও যুবলীগ নেতা তাইজুল ইসলাম। শনিবার রাত ৮ টায় ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর উপজেলার দমদমা বাজারে। বর্তমানে সে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, ২৮ আগস্ট কোটচাঁদপুর উপজেলার আশাননগর কুল্লা গাছা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং নির্বাচন। এ নির্বাচন ঘিরে কয়েক দিন যাবৎ ওই এলাকায় উভয় পক্ষের মধ্যে উত্তাপ চলছিল। এ ঘটনা এরই বহির প্রকাশ বলে জানিয়েছেন এলাকাবাসী।

ভুক্তভোগী ইউপি তাইজুল ইসলাম বলেন, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে আমি চেয়ারম্যান মিজানুর খানের পক্ষে কাজ না করায়, তাঁর লোকজন আমাকে মেরে আহত করেছেন।

তিনি বলেন,শনিবার রাত ৮ সময় স্থানীয় দমদমা বাজারে মশিয়ারের চায়ের দোকানে বসে চা খাচ্ছিলাম। এ সময় ওই দোকানে আসেন সাজ্জাদ

হোসেন। সে এসে বলেন তুই নাকি আমাদের বিপক্ষে ভোট করছিস। এরমধ্যেই আরো ১০/১২ ওইস্থানে আসেন। ঘিরে ধরে আমাকে রড, হাতুড়ি দিয়ে মারতে থাকে।

পরে স্থানীয় এসে আমাকে হাসপাতালে নেওয়ার জন্য গাড়িতে তোলেন। তারা আমাকে হাসপাতালে চিকিৎসা নিতে ও বাধা সৃষ্টি করেন। পরে সার্কেল সাহেবের হস্তক্ষেপে আমি হাসপাতালে আসতে পারি। এ সময় ৮৫ হাজার টাকা, সোনার চেইন, তারা ছিনিয়ে নেন বলে দাবি ইউপি সদস্যের। তাইজুল ইসলাম এলাঙ্গী ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওর্য়াডের ইউপি সদস্য। এ ছাড়া তিনি ইউনিয়ন যুবলীগের সভাপতি। সে উপজেলার আশাননগর গ্রামের মৃত হবিবর রহমানের ছেলে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভির জামান বলেন,সারা শরিরে কালো ফুলা দাগ রয়েছে। চিকিৎসা দিয়ে ভর্তি রাখা হয়েছে। এ ছাড়া হাতের এক্সরে করতে পাঠানো হয়েছে। রিপোর্ট আসলে বলা যাবে কি অবস্থা।

এ ব্যাপারে কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মোহাইমিনুল ইসলাম জানান, ওই সময় রাউন্ডে ছিলাম। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে দেখি তাইজুল নামের একজন বেঞ্চের উপর শুয়ে আছে। এ সময় কে মেরেছে জানতে চাইলে,বলেন,রাজিব,আক্তার,শিপলু সহ কয়েক জন মিলে মারপিট করেছে।

তিনি বলেন,জানতে পারলাম রবিবার একটা স্কুলের ম্যানেজিং কিমটির নির্বাচন রয়েছে। ওই নির্বাচন ঘিরে প্রতিপক্ষরা তাকে মারতে পারে। এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুতি চলছিল।

মুজিবনগরের চা দোকানী লিয়াকত হত্যা মামলায় তিন জনের

যাবজ্জীবন

মুজিবনগরের বাগোয়ান গ্রামের চা দোকানী লিয়াকত আলী হত্যা মামলায় তিন জন কে যাবজ্জীবন কারাদন্ড ও তিন জনকে ১ বছর করে ও বাকীদের বেখসুর খালাস দিয়েছে আদালত।

আজ রবিবার (২৮ আগষ্ট) বেলা ১১ টার দিকে মেহেরপুর অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিজ্ঞ বিচারক রিপতি কুমার বিশ্বাস এক জনাকীর্ণ আদালতে এ রায় প্রদান করেন।

দন্ডিতরা হলেন, মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের মৃতু অলিয়ত খাঁ’র ছেলে কবিদুল ইসলাম তার সহোদর ভাই মফিদুল ইসলাম এবং মৃতু আবু লায়েস খাঁ’র ছেলে জামাত আলী ওরফে খোকা।

দন্ডবিধির ৩০২ ও ৩৪ ধারায় অভিযোগ সন্দেহাতীতভাবে দোষী প্রমাণীত হওয়ায় তাদের বিরুদ্ধে যাজ্জীবন সশ্রম কারাদন্ড ও ২০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। অনাদায়ে আরও ৬ মাসের বিনাশ্রম কারাদন্ডাদেশ দেওয়া হয়।

এছাড়া একই মামলায় অন্য ধারায় তহুরা খা’র ছেলে লিয়াকত আলী ওরফে দুদু খাঁ, আবু লায়েছে খাঁ’র ছেলে ছোট খোকাকে এক বছর করে কারাদন্ডাদেশ দিয়েছে আদালত।

চাঞ্চল্যকর এ মামলাটির বিচার চলাকালিন সময়ে আসামিরা সবাই আদালতে হাজির ছিলেন।
বাকি আসামি মফিদুল খাঁ’র ছেলে মশিউর রহমান, তাছির উদ্দীন, কাবিরুল খার ছেলে সাদিক ও অলিয়ত খাঁর ছেলে আবির হোসেনকে বেখসুর খালাস দিয়েছে আদালত।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৬ সালের ৮ জানুয়ারী নিহতের ভাই রিপন হোসেন মামলার আসামি জামাত আলী ওরফে খোকার কাছ থেকে পূর্বের পাওনা ৪০০ টাকা চাইতে গেলে বাক বিতন্ডা হয়। এই বাক বিতন্ডার জের ধরে হামলাকারীরা বিকালের দিকে রিপন হোসেনকে হত্যার উদ্যোশ্যে তার বড় ভাই লিয়াকত আলীর দোকানে বসা থাকা অবস্থায় ধারালো অস্ত্র রামদা, হাসুয়া রড নিয়ে হামলা করে। হামলা চলাকালিন সময়ে রিপন তার ভাই চা দোকানীর ভিতরে পালিয়ে যায়। এসময় লিয়াকত আলী হামলাকারিদের নিবৃত করতে গেলে তারা প্রকাশ্যে দিবালোকে কুপিয়ে হত্যা করে চলে যায়।

এ হত্যাকান্ডের ঘটনায় নিহতের ভাই মোখলেছুর রহমান বাদী হয়ে মুজিবনগর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মুজিবনগর থানার মামলা নং ০২, তারিখ ৯/০১/২০১৬ ইং, ধারা-১৪৩/৩২৩/৩০৭/৩০২/৩৪/১১৪ পেনাল কোর্ড। জিআর মামলা নং ৭/১৬ ইং।

তদন্ত শেষে ২৫/০২/২০১৬ মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) মতিউর রহমান মামলার চার্জশীট প্রদান করেন।

রাস্ট্রপক্ষের আইনজীবি ছিলেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর (এপিপি) কাজী শহিদুল হক ও আসামিপক্ষের আইনজীবি ছিলেন অ্যাডভোকেট মিয়াজান আলী।
আসামি পক্ষের আইনজীবি অ্যাডভোকেট মিয়াজান আলী বলেন, এ রায়ে আমরা সন্তুষ্ট নয়। এই রায়ের বিরুদ্ধে আমরা উচ্চ আদালতে আপিল করবো।

তবে রাস্ট্রপক্ষের আইনজীবি কাজী শহিদুল হক বলেন, এই রায়ে আদালতের ন্যায় বিচার প্রতিষ্ঠিত হয়েছে। আমরা রায়ের প্রতি সন্তুষ্ট।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

“শোক থেকে শক্তির অভ্যুদয়, স্বপ্ন পূরণের দৃঢ় প্রত্যায়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মৃধা মোঃ মোজাহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

এছাড়াও মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান বক্তব্য রাখেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন,বিজ্ঞ পি.পি পল্লব ভট্টাচার্য,গাংনী পৌর মেয়র আহাম্মদ আলী,জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রমূখ।

এসময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দ সঙ্গীত, কবিতা, আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।